বিদ্যুৎ ও জ্বালানি নিরাপত্তা
সর্বোচ্চ অগ্রাধিকার

জালালাবাদ গ্যাস টি এ্যান্ড ডি সিস্টেম লিমিটেড
(পেট্রোবাংলার একটি কোম্পানি)
গ্যাস ভবন, মেন্দিবাগ, সিলেট-৩১০০
www.jgtdsl.gov.bd
....

নম্বর: ২৮.১৬.৯১০০.০০০.০৯০.৮৬.০০০৩.২৩.৪২

তারিখ: ১৬ আশ্বিন ১৪৩৩ / ০১ অক্টোবর ২০২৬

বিষয়: ফিটার তালিকাভুক্তির বিজ্ঞপ্তি

জালালাবাদ গ্যাস ট্রান্সমিশন এ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিঃ (জেজিটিডিএসএল) সংশ্লিষ্ট শ্রেণির গ্রাহকদের গ্যাস সংযোগ বিষয়ক কার্যক্রম পরিচালনার লক্ষ্যে প্রয়োজন অনুযায়ী জি.আই পাইপলাইন নির্মাণ ও গ্যাস সরঞ্জাম স্থাপনসহ আনুষঙ্গিক কাজের জন্য ডমেষ্টিক ফিটার এবং স্বল্পচাপ বিতরণ গ্যাস পাইপ লাইন নির্মাণ কাজের জন্য ডিস্ট্রিবিউশন ফিটার তালিকাভুক্তির যোগ্যতা যাচাইয়ের টেস্ট গ্রহণ করা হবে। আগ্রহী প্রার্থীদের নিকট হতে অত্র কোম্পানির নির্ধারিত ফরমে আবেদন আহবান করা যাচ্ছে। উত্তীর্ণ প্রার্থীদের জেজিটিডিএসএল-এ নিয়মানুযায়ী তালিকাভুক্ত করা হবে।

আবেদনকারীর যোগ্যতা ও শর্তাবলী নিম্নরুপঃ

১.০ **ডমেষ্টিক ফিটারঃ** যাদের শিক্ষাগত যোগ্যতা নূন্যতম ৮ম (অষ্টম) শ্রেণী পাস, জি.আই পাইপলাইন নির্মাণ ও গ্যাস সরঞ্জাম স্থাপন কাজের অভিজ্ঞতা (যদি থাকে), ০৩/০৬ মাস কারিগরি কোর্স সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। ডমেস্টিক ফিটার যোগ্যতা যাচাই পরীক্ষায় অংশগ্রহণকারী ফিটারদের আবেদন ফি টাকা ১,২০০.০০ (এক হাজার দুইশত) টাকা মাত্র (অফেরত যোগ্য)।

২.০ **ডিস্ট্রিবিউশন ফিটারঃ** যাদের শিক্ষাগত যোগ্যতা নূন্যতম ৮ম (অষ্টম) শ্রেণী পাস, আভ্যন্তরীণ এমএস পাইপলাইন নির্মাণ ও স্বল্পচাপ পাইপলাইন নির্মাণ কাজের অভিজ্ঞতা (যদি থাকে), ০৩/০৬ মাস কারিগরি কোর্স সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হবে। ডিস্ট্রিবিউশন ফিটার যোগ্যতা যাচাই পরীক্ষায় অংশগ্রহণকারী ফিটারদের আবেদন ফি টাকা ১,৫০০.০০ (এক হাজার পাঁচশত) টাকা মাত্র (অফেরত যোগ্য)।

৩.০ একই আবেদনকারী পৃথক পৃথক ফি জমাদান সাপেক্ষে ডমেষ্টিক ফিটার ও ডিস্ট্রিবিউশন ফিটার উভয় পদে টেস্টে অংশ গ্রহণের জন্য আবেদন করতে পারবে।

৪.০ **আবেদন প্রাপ্তি ও জমাদানঃ** নির্ধারিত ০৫-১১-২০২৬ তারিখের মধ্যে "জালালাবাদ গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিঃ" এর অনুকূলে হিসাব নম্বর: ০১০০০০৫১১৭০১৬, জনতা ব্যাংক পিএলসি-সিলেট কর্পোরেট ব্রাঞ্চ,সিলেট শাখায় টাকা জমা করে টাকা জমার মূল রশিদ আবেদন পত্রের সাথে দাখিল করতে হবে। আগামী ০৫-১০-২০২৬ তারিখ থেকে ০৫-১১-২০২৬ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে জেজিটিডিএসএল-এর পরিকল্পনা ডিপার্টমেন্টের কর্পোরেট প্ল্যানিং এ্যান্ড কনট্রাক্টর এনলিস্টমেন্ট শাখা, মেন্দিবাগ, সিলেট হতে আবেদনপত্র সংগ্রহ এবং জমা প্রদান করা যাবে। এছাড়া জেজিটিডিএসএল- এর ওয়েব সাইট (www.jgtdsl.gov.bd)) হতে আবেদনপত্র সংগ্রহ করা যাবে।

৫.০ **টেস্ট গ্রহণ ও সময়সূচিঃ** আবেদনপত্র প্রাথমিক যাচাই/বাছাই করে সংশ্লিষ্টদের ফিটার টেস্ট পরীক্ষার তারিখ/সময় উল্লেখসহ প্রবেশপত্র ইস্যু করা হবে। পরীক্ষার জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি/মালামাল সঙ্গে আনতে হবে। ফিটার টেস্টে অংশগ্রহণকারীদের যাতায়াতের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

৬.০ **আবেদনপত্রের সঙ্গে নিম্নলিখিত কাগজপত্র জমা প্রদান করতে হবেঃ**
(ক) আবেদনকারীর পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি সত্যায়িত রঙিন ছবি (খ) অর্থ জমাদানের মূল রশিদ (গ) শিক্ষাগত যোগ্যতার সনদের সত্যায়িত ফটোকপি (ঘ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি (ঙ) কাজের অভিজ্ঞতার সনদপত্র (যদি থাকে) (চ) টেস্টে অংশগ্রহণের শর্তাবলী (স্বাক্ষরকৃত)।

৭.০ অসম্পূর্ণ বা ত্রুটিপূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

৮.০ কমিটি কর্তৃক যোগ্যতা যাচাই সাপেক্ষে টেস্টে উত্তীর্ণ আবেদনকারীদের যথাযথ নিয়ম অনুসরণপূর্বক ফিটার সনদ ইস্যু করা হবে। সনদধারী ফিটারগণ গ্যাস পাইপলাইন নির্মাণকারী ঠিকাদারি প্রতিষ্ঠানে ব্যক্তিগত উদ্যোগে নিয়োজিত হবেন এবং অত্র কোম্পানি কোন ফিটারের কর্মসংস্থানের দায়িত্ব নিবে না। ফিটার টেস্টের ব্যাপারে জেজিটিডিএসএল এর সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

০১-১০-২০২৬
প্রকৌঃ মোঃ নিজাম উদ্দিন তালুকদার
উপ-মহাব্যবস্থাপক

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সকল ডিভিশন প্রধান।
২। সকল আরডিডি প্রধান, জালালাবাদ গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড।
৩। উপ-মহাব্যবস্থাপক (অতিরিক্ত দায়িত্ব), আইটি ডিপার্টমেন্ট, জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড[কোম্পানির ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]।
৪। সকল আবিকা প্রধান, জালালাবাদ গ্যাস ট্রান্সমিশন এন্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড[আবিকার নোটিশ বোর্ডে সাটানোর অনুরোধসহ]।
৫। সহকারী ব্যবস্থাপক, ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, জালালাবাদ গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন সিস্টেম লিমিটেড[ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]।
৬। সভাপতি/সাধারন সম্পাদক, জালালাবাদ গ্যাস কন্ট্রাক্টর ওয়েলফেয়ার এসোসিয়েশন, সিলেট [সমিতির সকল সদস্যগণকে অবহিত করার অনুরোধসহ।